

## শিক্ষক নেতার বিরুদ্ধে পরোয়ানা নিয়ে তোলপাড়

■ কুমিল্লা প্রতিনিধি

অবৈধভাবে শিক্ষক সমিতি গঠন করার অভিযোগে প্রতিপক্ষের দায়ের করা মামলায় কুমিল্লার এক শিক্ষক নেতার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেছে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত। রবিবার এই পরোয়ানায় জেলা পুলিশ সুপার কার্বাসুয়ে পৌছলে এ নিয়ে শিখর মহলে তোলপাড় শুরু হয়। জানা যায়, সুপ্রীম কোর্টের রায় ও সরকারি আচরণবিধি অমান্য এবং জাল রেজিস্ট্রেশন নথর ব্যবহার করে শিক্ষক সমিতি গঠন ও পরিচালনার অভিযোগে কুমিল্লা মহানগরীর মনোহরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ও সরকারি প্রাথমিক বিদ্যালয় শিখর মহলে শিক্ষক সমিতির কেন্দ্রীয় মহা-সম্মানিত সালেহা আক্তার বানী হয়ে গত বছরের ১৫ জানুয়ারি ঢাকার কলকাতা থানায় মামলাটি দায়ের করেন। এ মামলায় মুরাদনগর উপজেলার টনকি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিক ও বাংলাদেশ প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির জেলা সভাপতি মো. গাজীউল হক চৌধুরীসহ ১৪ জনকে আসামি করা হয়। গত বছরের ২৩ জুন আসামিদের বিরুদ্ধে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে চার্জশিট দাখিল করে পুলিশ। রবিবার গাজীউল হক চৌধুরীর বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানার আদেশ পৌছার পর জেলার প্রাথমিক শিক্ষকদের মধ্যে তোলপাড় শুরু হয়।